

# সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

৩য় সপ্তাহের বাড়ির কাজ ২০২১

বিষয়: বাংলা

শ্রেণি: ৪র্থ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর লিখ।

শরতের পর পাকা ধানের শীষ নিয়ে আসে হেমন্ত। শুরু হয় ধান কাটা। এ সময় কৃষকের ঘরে সোনালি ফসলে ভরে ওঠে। নবান্নের উৎসব ঘরে ঘরে আনন্দ নিয়ে আসে। হেমন্তের শেষ দিকে শীতের আগমন টের পাওয়া যায়। তখন ভোর বেলায় একটু একটু শীত লাগে। এ সময় উত্তরে হাওয়া বয়। উত্তর দিক থেকে আসা এ হাওয়া খুব ঠান্ডা শীতের রাতে লেপ কাঁথা গায়ে দিতে হয়। দিনের বেলায়ও গরম কাপড় পরতে হয়। শীতে খেজুরের রস দিয়ে তৈরি হয় নানা পিঠা পুলি।

১। যে কোন পাঁচটি শব্দের অর্থ লেখ।

পাকা, শীষ, সোনালি, উৎসব, আনন্দ, ঠান্ডা, নবান্ন।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।

ক) শীতের আগের ঋতুর নাম কী? এ সময় কী উৎসব হয় লেখো।

খ) চার বাক্যে হেমন্ত উৎসবের বর্ণনা দাও।

গ) শীত ঋতু তোমার কেমন লাগে তা চারটি বাক্যে লেখ।

৩। শূন্যস্থান পূরণ কর: (১০টি)

ক) শরৎকালে আকাশে সাদা মেঘ \_\_\_\_\_ মতো ভেসে বেড়ায়।

খ) গাছে গাছে জেগে ওঠে \_\_\_\_\_ পাতা।

গ) ছোট রাজা চললেন \_\_\_\_\_ মানুষ জনের সাথে।

ঘ) সেনাপতির পায়ের তলা দিয়ে ছোট রাজার \_\_\_\_\_ গলে পালাল।

ঙ) বড় রাজা ছোট রাজার সাথে \_\_\_\_\_ করতে চাইলেন।

চ) বড় রাজার মোটা মোটা \_\_\_\_\_ ফাঁক দিয়ে জলের মতোই সব গলে পালালো।

ছ) টুঙ্গি পাড়া গ্রামের শেখ পরিবারে \_\_\_\_\_ হলো একটি শিশুর।

জ) বাংলার প্রায় সব ঘরেই প্রথম \_\_\_\_\_ নাম রাখা হয় খোকা।

ঝ) বর্ষাকালে স্কুলে যেতে বাবা খোকাকে কিনে দিলেন।

ঞ) শীতের সময় খোকাকে একটা চাদর কিনে \_\_\_\_\_ বাবা।

৪। যুক্তবর্ণ লিখ: ১০টি

ঞ, ঞ, ঞ, ঞ, ঞ, ঞ, ঞ, ঞ, ঞ, ঞ

৫। বিরাম চিহ্ন লিখ: ৩টি

ক) মস্ত বড় এই পৃথিবী বড় রাজা ক্রমে ক্রমে তা জয় করে ফেললেন এমন সময় চর এলো খবর দিল বড় রাজা বললেন তাকে গিয়ে বলো আমি এই পৃথিবীটা জয় করে নিয়েছি।

খ) মা ছেলের এমন উদারতার খুশি হয়ে ওকে জড়িয়ে ধরেন বললেন ভালোই করেছিস বাবা তোর বাবাকে বলব তোকে আর একটা ছাতা কিনে দিতে।

গ) মা অবাক হয়ে ছেলের দিকে তাকিয়ে থাকেন ভাবেন গরিব মানুষের জন্য ছেলেটির এত দরদ ও নিশ্চয় বড় হয়ে মানুষের জন্য অনেক কিছু করবে খোকার বন্ধু জেলের জেলে গোপাল রাক্ষুণ সুরে বাঁশি বাজায়।

## সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

৩য় সপ্তাহের বাড়ির কাজ ২০২১

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

শ্রেণি: ৪র্থ

- ১। আল্লাহ তায়ালার পাঁচটি গুণবাচক নাম অর্থসহ বিস্তারিত আলোচনা কর।
- ২। ইমানে মুফাসসালে উল্লেখিত ৭টি বিষয় বিস্তারিত আলোচনা কর।
- ৩। ফেরেস্তারা কিসে তৈরি? প্রসিদ্ধ ফেরেস্তা কয়জন ও তাদের কাজ বর্ণনা কর।
- ৪। আসমানি কিতাব কাকে বলে? প্রসিদ্ধ আসমানি কিতাব কয়খানা? কার কার উপর নাজিল হয়।
- ৫। হামদে ইলাহী ১ম ১০ লাইন লেখ।

## সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

৩য় সপ্তাহের বাড়ির কাজ ২০২১

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

শ্রেণি: ৪র্থ

- ১। ব্রহ্মার প্রনাম মন্ত্র অর্থসহ লেখ।
- ২। বর্ণনামূলক প্রশ্নের উত্তর লেখ:
  - ক) ঈশ্বর বলতে কী বোঝ? গীতার ঈশ্বর সম্পর্কিত বাণী অর্থসহ বর্ণনা করো।
  - খ) দেবী দুর্গার বর্ণনা দাও।
  - গ) মহাভারত কী? এর কয়টি পর্ব ও কি কি? নাম লেখ।
- ৩। ঋষি বিশ্বামিত্র সম্পর্কে তাঁর জীবনী বর্ণনা কর।